

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.১৫.৩৩৮.১৭-

তারিখ:

আদেশ

জনাব মোঃ মাহাবুব উল্লাহ প্রধান সহকারী হিসেবে দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেটে কর্মরত অবস্থায় তার বিরুদ্ধে জনাব মোঃ জাহাঙ্গীর আলম, পিতা: মনফর আলী, সাং সুরমা-১৫৪, ষোলঘর আ/এ, সুনামগঞ্জ পৌরসভা, জেলা: সুনামগঞ্জ অভিযোগ করেন যে, অভিযোগকারীর নিকট থেকে তিনি ৫ হাজার টাকা গ্রহণ করেন এবং ৪ লক্ষ টাকার বিনিময়ে তাহিরপুর সাব-রেজিস্ট্রার মজিবুর রহমানকে অভিযোগের দায় থেকে অব্যাহতি দেন। তাছাড়া মিথ্যা বানোয়াট দরখাস্ত লিখে মোবাইলের মাধ্যমে সুনামগঞ্জ জেলার সকল সাব-রেজিস্ট্রারের নিকট থেকে অর্থ গ্রহণ করেন। তার বিরুদ্ধে বিতর্কিত অভিযোগের ই/আর নং ১১/২০১৫ এবং ই/আর নং ১৬/২০১৬ যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে অনুসন্ধান করা হয়। তিনি অভিযোগ সংশ্লিষ্ট অনুসন্ধানকারী বা তদন্তকারী কর্মকর্তা না হয়েও দুদকের একজন কর্মচারী হিসেবে উক্ত অনুসন্ধানাধীন ই/আর সংযোগে অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে ফোনে কথা বলার এখতিয়ার বা কোন কাজ না থাকা সত্ত্বেও তিনি তাদের সাথে দিনের পর দিন ফোনে কথা বলেছেন। উল্লিখিত কার্যকলাপের জন্য তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্তপূর্বক তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৩৯(খ) ও (ঙ) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা নং ১২/২০১৭ রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলায় কমিশনের গত ১২/১০/২০১৭ তারিখের পিএফএনজি/৪২-২০০১(সং-২)/৩০৭৮৮ ও ৩০৭৮৯ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারী করা হলে তিনি গত ২৬/১০/২০১৭ তারিখে জবাব দাখিল করেন। জবাবে তিনি ব্যক্তিগত শুনানী প্রার্থনা করায় তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তার প্রদত্ত বক্তব্য গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য কমিশনের একজন কর্মকর্তাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ১৮/০১/২০১৮ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

২। জনাব মোঃ মাহাবুব উল্লাহ, প্রধান সহকারী (সাময়িক বরখাস্ত)-এর দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য এবং বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮ এর ৪০(১)(ক)(২) বিধি অনুযায়ী তাকে “এক বছরের জন্য বেতনবৃদ্ধি স্থগিত রাখা” দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।


৩। এমতাবস্থায়, সিদ্ধান্ত মোতাবেক জনাব মোঃ মাহাবুব উল্লাহ, প্রধান সহকারী (সাময়িক বরখাস্ত)-কে উক্ত বিধিমালার ৪০(১)(ক)(২) বিধি অনুযায়ী “এক বছরের জন্য বেতনবৃদ্ধি স্থগিত রাখা” দণ্ড প্রদান করা হলো এবং কমিশনের গত ২১/৯/২০১৭ তারিখের পিএফএনজি/৪২-২০০১(সং-২)/২৮৫৩৭ নং স্মারকমূলে তাকে প্রদত্ত সাময়িক বরখাস্ত আদেশ এতদসঙ্গে প্রত্যাহার করা হলো। তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ের বেতনভাতাদি বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

৪। এ দণ্ড অত্র আদেশ জারীর তারিখ থেকে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
ইকবাল মাহমুদ  
চেয়ারম্যান

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১. মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩. সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সানুগ্রহ অবগতির জন্য)।
৫. কমিশনার (অনুসন্ধান/তদন্ত)-এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনারের সানুগ্রহ অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।
৯. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. জনাব মোঃ মাহাবুব উল্লাহ, প্রধান সহকারী, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেট।
১১. গার্ড নথি/ব্যক্তিগত নথি।



কাজী শফিকুল আলম

পরিচালক (প্রশাসন ও সংস্থাপন)

টেলিফোন: ০২-৯৩৫২১১৫

E-mail: d.admin@acc.org.bd